



নং-৪৬.১০.০০০০.০১৭.১১.৪১৮.২১- ৫২৮

তারিখ: ০৭ পৌষ ১৪২৮
২২ ডিসেম্বর ২০২১

দৈনিক মজুরী ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২৬/১০/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০৭.১১.০০২.২১-১০৭২ নং স্মারকের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনার কাজে ব্যবহৃত গাড়ীসহ পরিবহন পূলে বিদ্যমান গাড়ী সমূহের যথাযথ ব্যবহার, সুষ্ঠু ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য ৪৫(পঁয়তাল্লিশ) জন দক্ষ শ্রমিক অস্থায়ীভাবে দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ করলে মজুরী, না করলে নেই) ০৩(তিন) মাস মেয়াদে নিয়োগ করা হবে। “কাজ করলে মজুরী, না করলে নেই” ভিত্তিতে কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.	দক্ষ শ্রমিক	অষ্টম শ্রেণী পাশ। সুস্বাস্থ্যের অধিকারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) থেকে ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং স্বাক্ষর থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:-
(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
(খ) যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত ফটোকপি।
(গ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের রঙিন সত্যায়িত ছবি।
(ঘ) উপরে বর্ণিত সকল কাগজ পত্রাদি ও ছবি প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা/ডিএনসিসি'র কাউন্সিলর কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তা/কাউন্সিলরের সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
- আবেদনপত্র সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্রট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা বরাবর আগামী ২৬/১২/২০২১খ্রিঃ হতে ১৩/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সিলগালাকৃত আবেদনপত্রের খামের উপর অবশ্যই “দক্ষ শ্রমিক” উল্লেখ করতে হবে।
- এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী, দৈনিক মজুরী ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না। নিয়োগ প্রাপ্তির পর প্রার্থী স্থায়ীকরণের আবেদন করতে পারবেন না এবং এ বিষয়ে বিজ্ঞ আদালতে আবেদন দায়ের করতে পারবেন না।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ, একই প্রার্থীর একাধিক আবেদন ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
- বিজ্ঞাপিত শ্রমিক সংখ্যা কম/বেশী হতে পারে। যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহার/অন্যান্য সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-.

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব(যুগ্মসচিব)
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তীর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তীর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (তিনি বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।

Delida
২২/১২/২০২১
নিলুফা আক্তার
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন